# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং : মাধ্য/পনি/বিজ্ঞপ্তি/৬৩/২০৪ তারিখ : ১৭-১১-২০২৪ খ্রি.

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীন অনুমোদিত সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ পরীক্ষার্থী নির্বাচন (e-ES), প্রয়োজনীয় ফিস বোর্ডে জমা দেয়ার তারিখ, ফিসের হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৪ সালের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ : | ২১-১১-২০২৪ |
| (খ) | নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ : | ২৭-১১-২০২৪ |
| (গ) | অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া | ০১-১২-২০২৪ হতে ০৯-১২-২০২৪ |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ : | ১০-১২-২০২৪ |
| (ঙ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ | ১১-১২-২০২৪ হতে ১৪-১২-২০২৪ |
| (চ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ : | ১৫-১২-২০২৪ |

পরীক্ষার মাধ্যম :

১। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ২৮-১১-২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

২। (ক) ফি এর হার :

| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (পত্র প্রতি) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | রেজি: নবায়ন ফি (২০২০-২০২১ সালের রেজি:ধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি ( শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | ( ৮ ) | (১০) | (১১) |
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | × | ২৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | × | ২৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০.০০ | ৩০.০০ | ৮০.০০ | × | ১০০.০০ | × | ২৫.০০ | | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | ১০০.০০ | ২৫.০০ | | |

অপর পাতায়-

(খ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চার শত পঞ্চাশ) টাকা

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিঃপরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/- (দশ) টাকা।

ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিঃপরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/ পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে,এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫ টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/- (সাত) টাকা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/- (দশ) টাকা এবং প্রতিষ্ঠান ০৮/- (আট) টাকা হারে প্রাপ্ত হবে।

(গ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি:

| বিজ্ঞান বিভাগ(নিয়মিত) ৪র্থ বিষয়সহ | | ব্যবসায় শিক্ষা বিভাগ(নিয়মিত) ৪র্থ বিষয়সহ | | মানবিক বিভাগ(নিয়মিত) ৪র্থ বিষয়সহ | |
|---|---|---|---|---|---|
| ১। বোর্ড ফি- | ১৭২৫.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১৬৩৫.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১৬৩৫.০০ টাকা |
| ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৫১৫.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪৮৫.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪৮৫.০০ টাকা |
| | **২২৪০.০০ টাকা** | | **২১২০.০০ টাকা** | | **২১২০.০০ টাকা** |

(ঘ) বিলম্ব ফি: পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।

(ঙ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২৪ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

চ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি -এর অতিরিক্ত ফি কোনোভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৩। নিয়মিত পরীক্ষার্থী :

২০২৩-২০২৪ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৪। অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৩ এবং ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০২০-২০২১ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো ০১ (এক) বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র ০১ (এক) বছরের জন্য নবায়ন করে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৫ সালের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) **রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া : রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে। সে কারণে নবায়ন এর জন্য পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না। বিগত বছরের ন্যায় রেজিস্ট্রেশন কার্ডে বোর্ড থেকে নবায়ন সিল দেয়ার প্রয়োজন নেই।**

৫। জিপিএ উন্নয়ন :

কেবল ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৫ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে এবং তাদেরকে সকল বিষয়ে পূনাঙ্গ সিলেবাসে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৫ সালের পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

৬। বহিস্কৃত পরীক্ষার্থী :

বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

অপর পাতায়-

৭। চতুর্থ বিষয়ের সুবিধা :

২০২১-২০২২ ও ২০২২-২০২৩ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২৩ ও ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা যারা ২০২৩ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

**৮। পাঠ্যসূচি:**

**(ক) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত, অনিয়মিত ও জিপিএ উন্নয়ন) পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

**(খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।**

৯। নির্বাচনি পরীক্ষা :

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৭-১১-২০২৪
(মুহাঃ নিয়ামত ইলাহী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৭১৪
e-mail: controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
এ বোর্ডের অধীন মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়সমূহ

স্মারক নং : মাধ্য/পনি/বিজ্ঞপ্তি/৬৩/২০৪ তারিখ : ১৭-১১-২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৮। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, যশোর শিক্ষা বোর্ড কম্পিউটার সেল, যশোর।
১০। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
১১। এ বোর্ডের অধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১২। এ বোর্ডের অধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১৩। এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব।
১৪। এ বোর্ডের সকল কর্মকর্তা/সেকশন অফিসার।
১৫। সংরক্ষণ নথি।

১৭-১১-২০২৪
(শেখ আমিনুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
মোবাইল নং : ০১৭১৬৪২২০২৬